



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)

৩ সার্কিট হাউস রোড, ঢাকা ১০০০ ফোন : ৯৩৩০০৮১-৩, ফ্যাক্স : ৮৮০-২-৪৮৩১৭৪৫৮, ওয়েবসাইট: পিআইবি.বাংলা//www.pib.gov.bd
ই-মেইল : dg@pib.gov.bd, সোশ্যাল মিডিয়া : fb.com/pib.gov.bd



পিআইবি'র ইনোভেশন টিম এর ১৯.০২.২০২০ তারিখ বিকাল ৪.০০ টায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

পিআইবি'র ইনোভেশন টিম এর একটি সভা ১৯.০২.২০২০ তারিখ বিকাল ৪.০০ টায় পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার জনাব মো. ইলিয়াস ভূইয়া-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্নরূপঃ

ক্র.নং	নাম ও পদবী	কমিটির পদবী
১.	ড. কামরুল হক, গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চ.দা	সদস্য
২.	মোহাম্মদ আব্দুল মান্নান, প্রশিক্ষক	সদস্য
৩.	মো. জাকির হোসেন, উপপরিচালক (প্রশাসন), চ.দা	সদস্য
৪.	মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অ.দা	সদস্য
৫.	নাসিমুল আহসান, সহকারী প্রশিক্ষক	আমন্ত্রিত সদস্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, পিআইবি'র প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজসহ ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরির জন্য ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহ্বানের প্রক্রিয়া শেষ হয়েছে। ইতিমধ্যে একটি প্রতিষ্ঠানকে NOA ইস্যু করা হয়েছে। এছাড়া পিআইবি'র মোবাইল অ্যাপস তৈরির বিষয়ে মোবাইল গেইম ও এপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্প, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ থেকে উদ্যোগ নেয়া হয়েছিল। সে অনুযায়ী একটি অ্যাপস বাস্তবায়নের কাজ উক্ত প্রকল্পের আওতায় চলমান রয়েছে। গত ১২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে উক্ত প্রকল্প পরিচালক-এর দপ্তর থেকে পত্রের মাধ্যমে পিআইবি'র মোবাইল অ্যাপস বাস্তবায়ন বিষয়ে মতবিনিময় করার জন্য একজন প্রতিনিধি প্রেরণের অনুরোধ করেন।

জনাব নাসিমুল আহসান জানায়, মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে গত ১৬ ফেব্রুয়ারি ২০২০ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে গিয়েছিলেন এবং পিআইবি'র মোবাইল অ্যাপস বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক ব্যস্ত থাকায় প্রোগ্রামার জনাব শাকিল আহমেদ এর সঙ্গে আলোচনা হয়েছে। পিআইবি'র জন্য তৈরিকৃত অ্যাপস-এর কাজের পরিধি, বিস্তার ও বাজেট বিষয়ে আলোচনা করেন। প্রোগ্রামার জনাব শাকিল আহমেদ জানিয়েছেন ইতিমধ্যে উক্ত কাজের জন্য ১,১৪,৮০০০০ (এক কোটি চৌদ্দ লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন পাওয়া গেছে। এ বিষয়ে তিনি পিআইবি'র মতামত চান। তিনি কাজের পরিধি ও বিস্তার নিয়ে আলোচনা করেছেন কিন্তু বাজেটের বিষয়ে কোন মতামত প্রদান করেন নি।

এ প্রেক্ষিতে উক্ত মোবাইল অ্যাপস এর বিষয়ে ইনোভেশন টিমের সকল সদস্য আলোচনায় অংশ নেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মোবাইল গেইম ও এপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের মাধ্যমে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরিতে ১,১৪,৮০০০০ (এক কোটি চৌদ্দ লক্ষ আশি হাজার) টাকা ব্যয়ের বিষয়টিকে সবাই অস্বাভাবিক বলে মতামত প্রদান করেন। পরিশেষে এত বেশি টাকা ব্যয় করে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি না করে পিআইবি'র অনুন্নয়ন ব্যয় থেকে বরাদ্দ দিয়ে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। উক্ত বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মোবাইল গেইম ও এপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের পরিচালক বরাবরে পত্র দেয়া যেতে পারে।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Handwritten signature and date: 20/02/2020

মো. ইলিয়াস ভূইয়া
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (প্রশাসন)